গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৩.২৩.১০৪৪

তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩১ / ০৮ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: পৌরসভার পক্ষে জাতীয় সনদ, ওয়ারিশান সনদ, বিভিন্ন প্রত্যয়ন প্রদানের বিষয়ে পৌরসভা কার্য বিধিমালা, ২০১২ অনুসরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-১২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পৌরসভা কার্য বিধিমালা, ২০১২ প্রণয়ন করে; যা গত ০২ মে ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়। উক্ত বিধিমালার বিধি-৫ এ পৌরসভার মেয়রের দায়িত্ব ও কার্যাবলির বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

**বিধি-৫। মেয়রের দায়িত্ব ও কার্যাবলি।**— (১) মেয়র পৌরসভার দৈনন্দিন প্রশাসনিক কাজ পরিচালনা করিবেন।

(২) মেয়র পৌরসভার নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবেন, যথা:-

(ক) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগণের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;
(খ) পৌরসভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন;
(গ) প্রেষণে নিযুক্ত কর্মকর্তা এবং পৌরসভার প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা ব্যতীত পৌরসভার কর্মচারী নিয়োগ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;
(ঘ) পরিষদের অনুমোদন সাপেক্ষে, প্রেষণে নিযুক্ত কর্মকর্তা এবং পৌরসভার প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণের নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান, প্রত্যাহার, বদলী এবং শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ;
(ঙ) সকল কর, উপ-কর, রেইট, টোল, ফি এবং অন্যান্য পাওনা সংগ্রহ ও আদায়ের ব্যবস্থা গ্রহণ;
(চ) পৌরসভার পক্ষে অর্থ গ্রহণ;
(ছ) পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ে অনুমোদিত বাজেটের যে কোন বিষয়ের ব্যয় নির্বাহ;
(জ) পৌরসভার পক্ষে জাতীয় সনদ, ওয়ারিশান সনদ, বিভিন্ন প্রত্যয়ন এবং নোটিশ ইস্যুকরণ;
(ঝ) পরিষদ কর্তৃক অনুমোদিত পৌরসভার পক্ষে সকল চুক্তি সম্পাদন;
(ঞ) সরকার কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব পালন।

২। পৌরসভা কার্য বিধিমালা, ২০১২ এর বিধি-৭ এ নিম্নরূপ উল্লেখ রয়েছে:

**বিধি-৭। মেয়র কর্তৃক ক্ষমতা অর্পণ।**— পরিষদের অনুমোদন সাপেক্ষে, মেয়র বিধি ৫ এ উল্লিখিত কোন কার্য সম্পাদনের জন্য লিখিত আদেশ দ্বারা প্রধান নির্বাহী কর্মকর্তা বা পৌর নির্বাহী কর্মকর্তা বা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে ক্ষমতা অর্পণ করিতে পারিবেন এবং অনুরূপ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা মেয়রের নির্দেশনার আলোকে কার্য সম্পাদন করিবেন।

৩। উল্লেখ্য, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধন করে গত ১৭ আগস্ট ২০২৪ তারিখে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ প্রণয়ন করা হয়েছে। উক্ত অধ্যাদেশ এর ধারা-৩২ক প্রয়োগ করে পৌরসভার মেয়রগণকে স্ব স্ব পদ হতে অপসারণ করা হয়েছে। একই সাথে উক্ত অধ্যাদেশের ৪২ক প্রয়োগ করে সকল পৌরসভায় প্রশাসক নিয়োগ করা হয়েছে। **নিযুক্ত প্রশাসকগণ মেয়রের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন মর্মে উক্ত অধ্যাদেশের ৪২ক ধারার ৩ উপধারায় উল্লেখ রয়েছে।**

৪। এমতাবস্থায়, পৌরসভার পক্ষে জাতীয় সনদ, ওয়ারিশান সনদ এবং বিভিন্ন প্রত্যয়ন প্রদানের বিষয়ে পৌরসভা কার্য বিধিমালা, ২০১২ এর বিধি-৫ ও বিধি-৭ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮/৯/২০২৪

মো. মাহবুব আলম
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক (সকল)
---------------পৌরসভা

স্মারক নম্বর- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৩.২৩.১০৪৪ (১/৬) তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩১ / ০৮ সেপ্টেম্বর ২০২৪

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-**

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. অফিস কপি

মো. মাহবুব আলম
উপসচিব